# 2025
# BENGALI

Total marks : 80 Time : 3 hours

**General Instructions:**

i) Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.
ii) The question paper consists of 23 questions divided into 4 sections A,B,C, & D.
iii) Attempt questions based on specific instructions for each part. Write the correct number in your answer sheet to indicate the option/s being attempted.
iv) General and Internal choice have been provided in some questions

**N.B: Check that all pages of the question paper is complete as indicated on the top left side.**

## বিভাগ - ক (পাঠ)

**1. নিম্নলিখিত অংশটুকু ভালো করে পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখঃ-**

আদিবাসী বা Tribe বলতে সেই মানুষদের বোঝান হয় যাদের পূর্বপুরুষ এই ভারতবর্ষে আদিম বাসিন্দা। এদের গায়ের রং কালো বলে ভারতবর্ষকে কৃষ্ণভারতবর্ষ বলা হত । এদেরকে নেগ্রিটো বলা হত। কেরলের কানুকুর, পানিয়ান মুথিওয়ান, উড়ালি প্রভৃতিরা নেগ্রিটো। অন্যদিকে সাঁওতাল মুন্তা, ভিল, শবর, চেনচু, হোস প্রভৃতি আদিবাসীদের প্রোটো অস্টালয়েও বলা হত।

খাসি, গারো, ডাফনা, লালুং, চাকমা, কাছারি কুকি প্রভৃতি জনগোষ্ঠীরা মোঙ্গোলীয় গোষ্ঠীর, ভৌগলিক বন্টন অনুসারে আদিবাসীদের তিনটি অঞ্চলে ভাগ করতে হয়ঃ-

(i) উত্তর ও উত্তর পূর্ব ভারতের রাজ্যসমূহ।

(ii) মধ্যবারতের বিভিন্ন এলাকা ।

(iii) দক্ষিণ ভারতের রাজ্য সমূহ।

সাঁওতালদের বাস 2 ন মূলত পশ্চিমবঙ্গেঁ। বিবহোড়, গন্ত, মুন্তা, ওরাওদের বাস বিহারে। অবর, নাগা, খাসি প্রতৃতিদের বাস হল উত্তর পূর্বাঞ্চলে, খন্ডদের বাস হল ওড়িশাতে, কেরালা, মধ্যপ্রদেশে, লেপচারা সিকিমে, মুড়িয়ারা ছত্রিশ- গড়ে, চেনচু-রা অন্ধ্রপ্রদেশে, কুকিরা মনিপুরে।

মিনা-রা রাজস্থান, টোডা-রা তামিলনাডুতে বাস করে। পশ্চিমবঙ্গেঁ স্বীকৃত আদিবাসী গোষ্ঠী প্রায় চল্লিশটি এবং মোট জনসংখ্যার নিরিখে আদিবাসীর সংখ্যা প্রায় 25 শতাংশ। পশ্চিমবঙ্গেঁ আদিবাসীদের ছ'টি শ্রেণীতে ভাগ করা হয়। শক্তিশালী এবং বৃহৎ গোষ্ঠী, ক্ষুদ্র ও দুর্বল গোষ্ঠী। সাঁওতাল, মুন্ডা, ওঁরাও, হো, কুড়মী গোষ্ঠীর আদিবাসীরা শক্তিশালী গোষ্ঠীর।

**নীচের উত্তরগুলি থেকে সঠিক বিকল্পটি বেছে নাও-**

(a) ‘Tribe’ শব্দটির বাংলা শব্দ হলো- 1

(i) জনগোষ্ঠী (ii) আদিবাসী

(iii) বাসিন্দা (iv) নিগ্রো

(b) আদিবাসীদের গায়ের রং কী ? 1

(i) সাদা (ii) কালো

(iii) বাদামী (iv) ধূসর ।

(c) কেরলের আদিবাসীদের কী বলা হয় ? 1

(i) নেগ্রিটো (ii) আজিটো

(iii) কালীটো (iv) লেপ্‌চা

(d) 'কালো' শব্দটির বিপরীত শব্দ হলো- 1

(i) নীল (ii) লাল

(iii) সাদা (iv) হলুদ

(e) কেরলের যে কোনো দুইটি আদিবাসী গোষ্ঠীর নাম লেখ? 1

(f) খাসি, গারো, নাগা প্রভৃতি জনগোষ্ঠীরা কোন অঞ্চলের বাসিন্দা 1

(g) আদিবাসী কুকিয়া কোন রাজ্যে বাস করত? 1

(h) ভৌগলিক বন্টন অনুসারে আদিবাসীদের কয়টি অঞ্চলে ভাগ করা হয়? 1

(i) পশ্চিমবঙ্গেঁ স্বীকৃত আদিবাসী কয়টি ? 1

(j) তামিলনাড়ুতে বাস করা আদিবাসীর নাম লিখ? 1

## বিভাগ - 'খ' ( রচনা ও নির্মিতি)

**2. নীচের প্রশ্নগুলির উত্তর প্রায় '150' থেকে '200' টি শব্দের মধ্যে লিখঃ-**

(a) রচনা লিখঃ আতিথেয়তা ( Hospitality )

**অথবা** **6**

(b) মনে কর তুমি জন অথবা মেরী, 'বিজ্ঞান আর্শীবাদ না অভিশাপ' এই নিয়ে আলোচনা কথোপকথনের মাধ্যমে কর।

**3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর 50' টি শব্দের মধ্যে লিখঃ**

(a) বিখ্যাত কিংবদন্তি খেলোয়ার সুনীল গাভাসকরকে তোমার বিদ্যালয় "Holy Child" স্কুলের বাৎসরিক পুরস্কার বিতরণী উৎসবে প্রধান অতিথির আসন অলংকৃত করার জন্য একটি আমন্ত্রণ পত্রের খড়া কর।

**অথবা** **4**

(b) অশুদ্ধ সংশোধন বা সম্পাদনা করঃ-

ঋতুচক্রের প্রথম ঋতু বর্ষা, বৈশাখ ও জৈষ্ঠ্য মাসকে নিয়ে তার স্থিতিকাল। এই বর্ষা এসে তার রৌত্রের তাপে বাংলা প্রকৃতির বুককে শুকিয়ে দিয়ে যায়। প্রখন তপন তাপে আকাশ ভিজে থাকে। গ্রীষ্মের সন্ধ্যা প্রত্যেক তাপিত প্রাণীর কাছে আরামদায়ক নয়। চাঁপা ও বকুলের সৌরভ, আম-কাঁঠালের সুবাও ও দখিনা বাতাস আমাদের প্রাণকে জুড়িয়ে দেয় না। আষাঢ়-শ্রাবণ মাস নীয়ে গ্রীষ্ম ঋতুর ব্যবপ্তিকাল বর্ষার প্রচন্ড তাপে খাল-বিল, নদী-নালা পুকুর-দিঘী যখন জলমগ্ন হোয়ে ওঠে, গ্রীষ্ম তখন তাতে প্রান সঞ্চার করে।

## বিভাগ - 'গ' ( ব্যাকরণ ও অনুবাদ )

4. দ্বন্দ্ব সমাস কাকে বলে ? উদাহরণ দাও। **2**

5. ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখ । **3x1=3**

(i) তীর্থযাত্রা (ii) কচুপোড়া (iii) পঞ্চনদ

6. অলংকার কাকে বলে? **2**

7. উদাহরণ সহ সংজ্ঞা লিখ- **1x3=3**

(i) শ্লেষ অলংকার

**অথবা**

(ii) স্বভাবোক্তি অলংকার

8. নিম্নলিখিত বিশিষ্টার্থক পদগুলির দ্বারা বাক্য রচনা করঃ **2x1=2**

(i) শিমূল ফুল (ii) গৌরচন্দ্রিকা

9. বাংলায় অনুবাদ করঃ- **3**

The ceremonial dresses of both men and women in Nagaland are quite splendid. The men carry colourful spears decorated with dyed goat hair, their headgear is made of bamboo woven with flowers and feathers, there are arm bands made of elephant tusks and necklaces of wild boar teeth.

## বিভাগ - 'ঘ' ( সাহিত্য)

### গদ্যাংশ

10. নীচের উত্তর গুলি থেকে সঠিক বিকল্পটি বেছে নাও- 4x1=4

(a) বিড়াল কাদের প্রতিনিধি ?

(i) নিরন্ন দরিদ্রের (ii) ধনীব্যাক্তির

(iii) অসুস্থ রোগীর (iv) ভিখারী দলের

(b) খেমটার নাচের আসরে কে বসে ছিল?

(i) হরিচরণ (ii) শ্যামাচরণ

(iii) গুরুচরণ (iv) পরেশ

(c) কোনটি নৈতিক মূল্যবোধ?

(i) সুকুমার কলা (ii) নিষ্ঠা

(iii) প্রেম (iv) ঝগড়া করা

(d) নরেশ ও পরেশের ছোট ভাইয়ের নাম কী?

(i) তপেশ (ii) তারকেশ্বর

(iii) শ্যামাকরণ (iv) হরিচরণ

11. "মানুষের মন" পাঠটির লেখক কে? পল্টু কে? **1+1=2**

12. পরেশকে কে পড়া দেখিয়ে দিতেন ? তাঁর ছেলের নাম কী ছিল? **1+1=2**

13. ইংরাজি 'Value' শব্দের অর্থ কী ? এই শব্দটির দ্বারা মানুষের অন্তর্নিহিত কোন গুণগুলিকে বোজায়? মানুষের কোন আচরণ গুলিকে মূল্যবোধ আখ্যা দেওয়া হয়? **1+1+1=3**

14 (a) "কেহ মরে বিল ছেঁচে কেহ খায় খই"

(i) এই প্রবাদ বাক্যটি কোন পাঠের অংশ ? **1**

(ii) লেখক কে ? **1**

(iii) উক্তি কে কাকে করা হয়েছে ? **1**

(iv) প্রবাদ বাক্যটির অর্থ কী ? **1**

**অথবা**

(b) "মঙ্গঁল মাবকেশ, তিনি রুষ্ঠ হয়েছেন"

(i) কোন পাঠের অংশ ? **(1)**

(ii) লেখকের নাম কী? **(1)**

(iii) উক্তিটি কে করেছেন ? **(1)**

(iv) মঙ্গঁল কে ? **(1)**

15. (a) "রক্ত কিসের মোক্ষদা, ব্যাপার কি?"

(i) কোন পাঠের অংশ ? **1**

(ii) উক্তিটি কার ? **1**

(iii) মোক্ষদা কে ? **1**

(iv) মোক্ষদাকে এমন উক্তি করা হয়েছে কেন ? এর উত্তরে মোক্ষদা কী বলেছিল? **2**

**অথবা**

(b) নৈতিক মূল্যবোধ কাকে বলে? কয়েকটি নৈতিক মূল্যবোধের নাম লিখ? (3+2=5)

**পদ্যাংশ**

16. নীচের উত্তরগুলি থেকে সঠিক বিকল্পটি বেছে নাওঃ- 2x1 =2

(a) 'রূপাই' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(i) রূপসী বাংলা (ii) নক্সী কাঁথার মাঠ

(iii) সোনার তরী (iv) খাপছাড়া

(b) 'নবী' কথার অর্থ কী?

(i) ঈশ্বরের প্ররিত দূত (ii) ঠাকুরমশাই

(iii) মোল্লা (iv) জিন

17. "তোমার মঙ্গল ঢাকি গড়িছে যে ঘোর ব্যবধান"- কোন কবিতার অংশ? "মঙ্গল ঢাকি" কথার অর্থ কী **1+1=2**

18. বেদ কী ? বেদ কত প্রকার? **1+1+=2**

19. (a) "তোমার আসন হতে মেথায় তাদের দিলে ঠেলে"-

(i) কোন কবিতার অংশ ? **1**

(ii) কবির নাম কী ? **1**

(iii) কে, কাকে ঠেলে দিয়েছে ? **1+1=2**

**অথবা**

(b) "জারীর গানে তাহার গলা উঠে সবার আগে"

(i) কোন কবিতার অংশ ? **(1)**

(ii) কবির নাম কী ? **(1)**

(iii) কার কথা বলা হয়েছে? ? **(1)**

(iv) জারীর গান কী ? **(1)**

20.(a) "এই কন্দরে আরব দুলাল শুনিতেন আহবান
এইখানে বসি গাহিলেন তিনি কোরাণের সামগান"।

(i) কবিতাটি কার লেখা? **1**

(ii) 'কন্দর' শব্দের অর্থ কী? **1**

(iii) কোরাণ কী? **2**

(iv) 'আরব দুলাল' কে ? **1**

**অথবা**

(b) "শ্যামার নরম গান শুনেছিল - একদিন আমরায় গিয়ে"-

(i) কার কথা বলা হয়েছে ? **(1)**

(ii) শ্যামা কী ? **(1)**

(iii) অমরা কী ? **(1)**

(iv) নরম গান কী ? **(2)**

## কথাসাহিত্য

21. 'সাইক্লোনের সময় শ্রীকান্ত কোথায় বসেছিল? সে কিভাবে আত্মরক্ষা করেছিল? **1+1=2**

22. শ্রীকান্ত বর্মার যাচ্ছে কেনো? কোলকাতা থেকে বর্মায় কী করে যেতে হয়? বর্মায় যাওয়ার আগে কোন রোগের পরীক্ষা করা হয়েছিল? **1+1+1=3**

23. (a) গঙ্গাঁজল কে ছিল? শ্রীকান্তের মা গঙ্গাঁজলকে কী বলেছিলেন? শ্রীকান্তকে গঙ্গাঁজল জেরা করেছিল কেনো? **1+2+2=5**

**অথবা**

(b) "কখন এলেন? এখানে দাঁড়িয়ে যে"? কে, কাকে উক্তিটি করেছে? বক্তার পরিচয় দাও? **(2+3=5)**

***********************